১৪

দৈনিক সংবাদ

তারিখ 06 DEC 1997
পৃষ্ঠা ১ কলাম ৪

# রাজধানীর 'নামি' স্কুলে ভর্তি আসন সীমিত ঃ হতাশ হবেন বেশির ভাগ অভিভাবক

(নিজস্ব বার্তা পরিবেশক)

রাজধানীর নামি ও ভাল স্কুলগুলোতে আসনসংখ্যা অত্যন্ত সীমিত হওয়ায় এবার ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের পাঁচ শতাংশও সেসব স্কুলে ভর্তি হতে পারবে না। ঐ ছাত্রছাত্রীদের অভিভাবককে শরণাপন্ন হতে হবে অপেক্ষাকৃত 'অপ্রসিদ্ধ' স্কুলের।

এখনও স্কুলগুলোতে বার্ষিক পরীক্ষা শেষ হয়নি। কিন্তু এরই মধ্যে স্কুলে স্কুলে ধরণা দিচ্ছেন অভিভাবকরা। ভর্তির আবেদনপত্র দেয়ার তারিখ জানতে ভিড় করছেন অনেকেই। একমাত্র ভিকারুননিসা নুন স্কুলে ভর্তি পরীক্ষার ফরম দেয়া হয়েছে। ঐ স্কুলে ফরম জমা দেবার তারিখও চলে গেছে গত ১৮ই নভেম্বর। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, জমাকৃত আবেদনপত্রের বিপরীতে এক শতাংশ আসনও নেই। আইডিয়াল স্কুলে সন্তানকে ভর্তি করাবার আগ্রহ নিয়ে অপেক্ষা করছেন হাজার হাজার অভিভাবক। কিন্তু ঐ স্কুলেও আসনসংখ্যা সীমিত। ভর্তি পরীক্ষায় খুব ভালভাবে কৃতকার্য না হলে ঐ স্কুলে ভর্তি হওয়া অসম্ভব বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। গত বছরগুলোতে আইডিয়াল স্কুলে 'ডোনেশন প্রথা'র মাধ্যমে কিছু ছাত্রছাত্রী ভর্তি হতো। এবার সেটি থাকছে না। ঐ স্কুলে ভর্তির আবেদনপত্র দেয়া হবে ২০শে ডিসেম্বর থেকে।

ভর্তি হওয়ার বিষয়টি অত্যন্ত কঠিন হবে এবার হলিক্রস বালিকা উচ্চ বিদ্যালয়, উদয়ন স্কুল, গভঃ ল্যাবরেটরি হাইস্কুল, ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলেও।

ভিকারুননিসা নুন স্কুলের একজন বোর্ড সদস্য জানান, ধানমন্ডিতে ভিকারুননিসার যে শাখা রয়েছে তার মাধ্যমে বাড়তি কিছু ছাত্রী হয়ত ভর্তি করা যাবে, কিন্তু তা প্রয়োজনের তুলনায় নগণ্য। তিনি বলেন, সীমিত আসনের কারণে ভাল মেধা নিয়ে ভর্তি হতে এসেও অংশগ্রহণকারী অনেক ছাত্রী বাদ পড়ে যায়। তিনি বলেন, সামনে আসনসংখ্যা বাড়াবার চিন্তাভাবনা করা হচ্ছে। এজন্যে নতুন একটি ভবনও নির্মাণের সিদ্ধান্ত রয়েছে।

ভিকারুননিসা নুন স্কুলে দ্বিতীয় থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত আবেদনপত্র জমা দেবার সর্বশেষ তারিখ ছিল ১৪ই নভেম্বর। ১৮ই নভেম্বর সর্বশেষ তারিখ ছিল ষষ্ঠ শ্রেণীর বাংলা ও ইংরেজি মাধ্যমে আবেদনপত্র গ্রহণের। স্কুল সূত্র জানায়, স্কুলের ধানমন্ডি শাখাসহ মোট আসন সংখ্যার তুলনায় ভর্তির আবেদনপত্র জমা হয়েছে রেকর্ডসংখ্যক। একটি আসনের জন্যে শতাধিক ছাত্রী আবেদন করেছে। এগুলো দ্বিতীয় থেকে ষষ্ঠ শ্রেণী পর্যন্ত। বাকি শ্রেণীগুলোতে আসনসংখ্যা হাতেগোনা। কিন্তু আবেদনপত্র জমা পড়েছে প্রচুর। ডিসেম্বরের মাঝামাঝি এ স্কুলে ভর্তি

হতাশ ঃ পৃঃ ১১ কঃ ৪

## হতাশ ঃ অভিভাবক

( ১ম পৃষ্ঠার পর )

পরীক্ষা হবে।

আইডিয়াল স্কুলে আবেদনপত্র দেয়া হবে এ মাসের ২০ তারিখ থেকে। প্রথম শ্রেণী ছাড়া অন্যান্য শ্রেণীতে আসনসংখ্যা খুবই সীমিত। তবে প্রথম শ্রেণীতে প্রায় ১শ' আসন রয়েছে।

হলিক্রস বালিকা উচ্চ বিদ্যালয়ে ভর্তিচ্ছু ছাত্রছাত্রী ও অভিভাবকরা প্রতিদিন ভিড় করছেন। তবে আবেদনপত্র দেয়া হবে এ সপ্তাহেই। প্রথম ও ষষ্ঠ শ্রেণী ছাড়া বাকি শ্রেণীগুলোতে শূন্য আসন প্রায় নেই। প্রথম ও ষষ্ঠ শ্রেণীতে আসন রয়েছে ১শ'টি করে। ডিসেম্বরের ২৪ তারিখে ভর্তি পরীক্ষা শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে।

গভঃ ল্যাবরেটরি হাইস্কুলে প্রথম শ্রেণীতে প্রায় ২শ' আসন রয়েছে। ষষ্ঠ শ্রেণীতে রয়েছে মোট ২০টি আসন। আবেদনপত্র দেয়া হবে এ মাসের শেষ সপ্তাহে। ভর্তি পরীক্ষা হবে জানুয়ারির মাঝামাঝি সময়ে।

উইলস লিটল ফ্লাওয়ার স্কুলে প্রথম শ্রেণীতে ৫০টি আসন রয়েছে। অন্যান্য শ্রেণীতে শূন্য আসন রয়েছে অল্পসংখ্যক। ভর্তির আবেদনপত্র ছাড়া হবে এ মাসের দ্বিতীয় সপ্তাহ থেকে।

অগ্রণী বালিকা উচ্চ বিদ্যালয়ের ভর্তির আবেদনপত্রও দেয়া হবে চলতি সপ্তাহে। প্রথম শ্রেণীতে ২শ' ছাত্রী ভর্তি হতে পারবে। ভর্তি পরীক্ষা হবে ডিসেম্বরের মাঝামাঝি সময়ে। বাকি শ্রেণীগুলোতে নতুন কিছু আসন সৃষ্টির চেষ্টা হচ্ছে বলে স্কুল সূত্রে জানা গেছে।

উদয়ন স্কুলে নার্সারি থেকে নবম শ্রেণী পর্যন্ত ভর্তির আবেদনপত্র দেয়া হবে এ মাসের মাঝামাঝি সময় থেকে। নার্সারিতে ৫০টি আসন রয়েছে। অন্যান্য শ্রেণীর আসনসংখ্যা জানা যায়নি।

ইউনিভার্সিটি ল্যাবরেটরি হাইস্কুলে ভর্তির আবেদনপত্র দেয়া হবে এ মাসের শেষদিকে। কেজি ও প্রথম শ্রেণীতে ৮০টি করে আসন রয়েছে। অন্যান্য শ্রেণীতে সীমিতসংখ্যক আসনের জন্যে আবেদনপত্র দেয়া হবে।

ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলে প্রথম শ্রেণীতে ৮০টি আসন রয়েছে। বাকি শ্রেণীগুলোতে কোন আসন নেই বলে স্কুল সূত্র জানিয়েছে।

রেসিডেন্সিয়াল মডেল হাইস্কুলে ভর্তির জন্যে দেড়শ' নম্বরের ভর্তি পরীক্ষা হবে। আবেদনপত্র দেয়া হবে চলতি মাসের মাঝামাঝি সময়। তৃতীয় শ্রেণী ছাড়া বাকি শ্রেণীগুলোতে আসনসংখ্যা প্রায় শূন্য। তৃতীয় শ্রেণীতে আসন রয়েছে ১শ'টি।

আজিমপুর গার্লস হাইস্কুলে প্রথম শ্রেণীতে ভিন্ন ভিন্ন সেকশনে ৪০ জন করে ছাত্রী ভর্তি করা হবে। নবম শ্রেণী পর্যন্ত ছাত্রী ভর্তি করা হবে। ষষ্ঠ শ্রেণীর জন্যে কিছু আসন শূন্য রয়েছে। বাকি শ্রেণীগুলোতে আসন সীমিত। আবেদনপত্র দেয়া হবে জানুয়ারির শুরুতে।

ঢাকা মুসলিম গভর্নমেন্ট হাইস্কুলে পঞ্চম থেকে নবম শ্রেণী পর্যন্ত ছাত্র ভর্তি করা হবে। আবেদনপত্র দেয়া হবে এ মাসের শেষদিকে। জানুয়ারির প্রথম সপ্তাহে ভর্তি পরীক্ষা নেয়া হবে। পঞ্চম শ্রেণীতে ৮০টি আসন রয়েছে। বাকি শ্রেণীগুলোতে নগণ্যসংখ্যক আসন রয়েছে বলে কর্তৃপক্ষ জানিয়েছে।